# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

## পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ১৬ম সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব শারমিন আক্তার, প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা |
| স্থান | : পৌরসভা মিলনায়তন |
| তারিখ | : ১৯/০১/২০২৬ খ্রি: |
| সময় | : সকাল : ১০-৩০ ঘটিকা |

সম্মানিত সদস্যদের উপস্থিতির ও স্বাক্ষর- মাসিক সভার হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত।

| ক্রমিক নং | সভায় উপস্থিত সদস্য গণের নাম | মন্তব্য |
|---|---|---|
| ০১ | জনাব ডা ঃ হাদি জিয়াউদ্দিন আহাম্মেদ, সিভিল সার্জন, চুয়াডাঙ্গা। | উপস্থিতির স্বাক্ষর হাজিরা রেজিষ্টার খাতায় সংরক্ষিত |
| ০২ | জনাব মো ঃ মহসীন, নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, চুয়াডাঙ্গা। | |
| ০৩ | জনাব মো ঃ জাহাঙ্গীর আলম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, চুয়াডাঙ্গা। | |
| ০৪ | জনাব মো ঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা। | |
| ০৫ | জনাব মোছা ঃ জেসমিন আরা খাতুন, জেলা শিক্ষা অফিসার (ভার), চুয়াডাঙ্গা। | |
| ০৬ | জনাব মোসাম্মাৎ শাহনাজ খানম, উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চুয়াডাঙ্গা। | |

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:-** সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব রিফাত আরা বিগত ইং ২৯/১২/২০২৫ তারিখে অনুষ্ঠিতব্য সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনা:-** সভায় উপস্থিত জনাব মোছাঃ জেসমিন আরা খাতুন, জেলা শিক্ষা অফিসার (ভাঃ), চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের বকেয়া ট্রেড লাইসেন্স আদায়ে গঠিত কমিটির অগ্রগতি সম্পর্কে জানতে চান। সভায় লাইসেন্স পরিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশ বলেন লাইসেন্স এর কার্যক্রম সঠিক ভাবে পরিচালিত হচ্ছে এবং তিনি সভায় জানান ডিসেম্বর/২০২৫ মাসে লাইসেন্স নবায়ন হয়েছে মোট ২৩৯টি এবং আয় হয়েছে ৩,৩৭,৪৩১/-টাকা। এছাড়াও ট্রেড লাইসেন্স বকেয়া তালিকা প্রস্তুত পূর্বক ওয়ার্ড পর্যায়ে কার্যক্রম চলমান রাখা এবং জানুয়ারী-২০২৬ মাসে ০৩ (তিন) লক্ষ টাকা বকেয়া আদায়ের বিষয়ে আলোচনা করা হয়। সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব রিফাত আরা বকেয়া ট্রেড লাইসেন্স আদায়ের পাশাপাশি হাল ট্রেড লাইসেন্স আদায়ের আরো তৎপর হওয়ার জন্য নির্দেশনা দেন। | ট্রেড লাইসেন্সের বকেয়া ০৩ (তিন) লক্ষ টাকা আদায়ের লক্ষ্যমাত্রা গৃহীত হয়। | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনা:-** সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন Local Government Covid-19 Response & recovery Project (LGCRRP) এ প্রকল্পের আওতায় চলমান কাজগুলো ইতোমধ্যে ১০০% কাজ সমাপ্ত হয়েছে। এছাড়াও RUTDP প্রকল্পের কাজ ইতোমধ্যে ৫% সম্পন্ন রয়েছে মর্মে জানান। সভায় উপস্থিত নির্বাহী প্রকৌশলী এলজিইডি, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা জনাব মোঃ জাহাঙ্গীর আলম বলেন এলজিইডি অফিসের সামনের ৫০০ মিটার রাস্তাটি ইট দ্বারা সোলিং করার | এলজিইডি অফিসের সামনের ৫০০ মিটার রাস্তাটি ইট দ্বারা সোলিং করার করার বিষয়ে এডিবি প্রকল্প গ্রহনের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | জন্য প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামানকে ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ দেন।<br>পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান ডিসেম্বর' ২০২৫ মাসে নক্সা অনুমোদন হয়েছে ০০টি ও দাখিল হয়েছে ১৫টি। ডিসেম্বর'২০২৫ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ৫,৭৪,৬৫৫/-টাকা।<br>পৌরসভার সার্ভেয়ার জনাব মোঃ আবুল হাসেম বলেন ডিসেম্বর ২০২৫ মাসে জমির আইল সীমানা পরিমাপ করা হয়েছে ২৬টি এবং আয় হয়েছে ৭৮,০০০/-টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক বলেন সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, পৌর কর্তৃপক্ষের অনুমোদন বা প্ল্যান বহির্ভূত ভাবে অনেক স্থাপনা এবং ভবন নির্মিত হচ্ছে। যা আইনত দন্ডনীয় অপরাধ। এছাড়াও এ ধরণের কাজের ফলে জনভোগান্তি তৈরী হচ্ছে এবং অনেক অভিযোগ কার্যালয়ে দাখিল হচ্ছে। পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে কোন স্থাপনা বা ভবন নির্মাণের পূর্বেই অবশ্যই পৌর কর্তৃপক্ষের সার্ভে সেকশনের মাধ্যমে পরিমাপ পূর্বক ভবন বা স্থাপনা নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করার জন্য সিদ্ধান্ত হয়। সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন শ্রীমন্ত পৌর টাউন হল সংস্কার করার জন্য প্রস্তাব করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।<br>**বিদ্যুৎ শাখা:** সভায় উপস্থিত সড়কবাতি পরিদর্শক জনাব মোঃ আনিছুর রহমান বলেন ডিসেম্বর/২০২৫ মাসে পৌরসভার ০৯টি ওয়ার্ডে সর্বমোট ১৫ ওয়াট এলইডি বাল্ব স্থাপন করা হয়েছে ১০৩টি এবং চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে স্থাপিত ৯৫% সড়কবাতি সচল আছে। সভায় উপস্থিত পৌর প্রশাসক শহরের প্রধান প্রধান সড়ক যেমন-কলেজ রোড, থানা রোড, শহীদ আবুল কাশেম রোড, সদর হাসপাতাল রোড ও কবরী রোডে আধুনিক ভাবে আলোকিত করা ও পৌর এলাকার মধ্যে ভোট কেন্দ্রের আশপাশের পোলের সড়কবাতি গুলি সচল রাখার জন্য সড়কবাতি পরিদর্শককে নির্দেশনা দেন। | পৌর অধিক্ষেত্রের অভ্যন্তরে কোন স্থাপনা বা ভবন নির্মাণের পূবে অবশ্যই পৌর কর্তৃপক্ষের সার্ভে সেকশনের মাধ্যমে পরিমাপ পূর্বক ভবন বা স্থাপনা নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>শহরের প্রধান প্রধান সড়ক যেমন-কলেজ রোড, থানা রোড, শহীদ আবুল কাশেম রোড, সদর হাসপাতাল রোড ও কবরী রোডে আধুনিক ভাবে আলোকিত করার জন্য সড়কবাতি স্থাপন ও পৌর এলাকার মধ্যে ভোট কেন্দ্রের আশপাশের পোলের সড়কবাতি গুলি সচল রাখার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রকৌশল বিভাগ |
| ০৪ | <u>পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার, ডিসেম্বর ২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, ডিসেম্বর/২৫ মাসে পানি শাখার গত মাসের জের ১১,৮০,৬৮০/- টাকা এবং চলতি আয় ৩৭,২১,৭৫৪/- টাকা। সর্বমোট আয় হয়েছে ৪৯,০২,৪৩৪/- টাকা ও চলতি মাসে ব্যয় হয়েছে ২১,৪৩,৭৭৭/- টাকা উদ্বৃত্ত জের ২৭,৫৮,৬৫৭/- টাকা এবং রাজস্ব খাতের গত মাসের জের ২,৯৯,৪৮,০৭৩/-টাকা এবং চলতি মাসের আয় ৯৪,৪৬,৭৫৩/-টাকা, সর্বমোট আয় ৩,৯৩,৯৪,৮২৬/-টাকা ও চলতি মাসে রাজস্ব খাতের মোট ব্যয় ৭২,৩১,৯৪৬/-টাকা উদ্বৃত্ত জের ৩,২১,৬২,৮৮০/-টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত হয়। | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা ও আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ০৫ | <u>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব রিফাত আরা চলতি অর্থ বছরের পৌরকরের দাবী ও আদায়ের বিষয়ে জানতে চাইলে অত্র পৌরসভার এ্যাসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম জানান যে, মোট দাবী ৮,৩৯,১৯,৯২৮/-টাকা এবং ডিসেম্বর/২৫ মাসে বকেয়া আদায় ২৩,৩৬,১৮৯.০০ টাকা এবং হাল আদায় হয়েছে ৩৬,৯৬,৩৯২.০০ টাকা সর্বমোট আদায় হয়েছে ৬০,৩২,৫৮১.০০ টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পৌরকর আদায়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট হওয়ার জন্য নির্দেশনা দেন। | বকেয়া পৌরকর আদায়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে আরো সচেষ্ট হওয়ায় সিদ্ধান্ত গৃহীত হয় | এসেসর/কর শাখা |
| ০৬ | <u>স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনা:-</u><br>সভায় উপস্থিত জনাব ডাঃ হাদি জিয়াউদ্দিন আহাম্মেদ, সিভিল সার্জন, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান সভায় জানান ডিসেম্বর'২৫ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ৪০৭টি তন্মধ্যে পুরুষ | জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য আরো দায়িত্বশীল হওয়ার বিষয়ে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। | সেনেটারী ইন্সপেক্টর/টিকাদান সুপারভাইজার |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ২১৪জন ও নারী ১৯৩ জন এবং এক বছরের নীচে ৮১টি। মৃত্যু নিবন্ধন হয়েছে ৪৩টি তন্মধ্যে পুরুষ ২৪ জন ও নারী ১৯ জন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন এবং এতদুদ্দেশ্যে গঠিত কমিটির মাধ্যমে আদায় কার্যক্রম ত্বরান্বিত করার নির্দেশনা দেন। | | |
| ০৭ | **ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা ও পরিবেশ সম্পর্কিত আলোচনা:-**<br>সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন স্যানিটেশন কার্যক্রম সঠিক ভাবে চলমান আছে। পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) ডিসেম্বর-২০২৫ ইং মাসে গরু জবেহ করা হয় ২১৪টি, ছাগল ৭৭৮টি। এছাড়াও তিনি বলেন পৌর এলাকায় করাত মিল (স' মিল) স্থাপন ও স্থানান্তর অবস্থানগত/পরিবেশগত ছাড়পত্রের জন্য স্থানীয় কর্তৃপক্ষের অনাপত্তি পাইবার জন্য মো ঃ হায়াতুল আলম নামের একজন ব্যাক্তিসহ বেশ কয়েকজন আবেদন করেছেন। আবেদনের বিষয়ে পৌর এলাকায় করাত মিল (স' মিল) স্থাপন ও স্থানান্তর বিষয়ে আলোচনা হয়। আলোচনায় ইং ১০/০৮/১৯৮৮ তারিখের শাখা-৬/এম-৫৪/৮৬/৩২২ (৯০)নং স্মারক পরিপত্রের আলোকে ব্যবস্থা গ্রহন পূর্বক সুপারিশসহ প্রতিবেদন প্রদানের জন্য নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গাকে আহবায়ক করে ০৩(তিন) সদস্য বিশিষ্ট কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সভায় উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন। | বর্ণিত আবেদনসহ অন্যান্য আবেদন সমুহের বিষয়ে তথা পৌর এলাকার স'মিল সমুহের স্থানান্তর করার বিষয়ে অনাপত্তি সনদ প্রদানের নিমিত্তে সরেজমিনে তদন্ত পূর্বক প্রতিবেদন দাখিলের জন্য নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা কে প্রধান করে ০৩ সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় হয়। কমিটির অন্যান্য সদস্যবৃন্দ হলেন সহকারী পরিচালক, পরিবেশ অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও অত্র পৌরসভার সেনেটারী ইন্সপেক্টর। | পৌর নির্বাহী কর্মকর্তা ও সেনেটারী ইন্সপেক্টর |
| ০৮ | **ক) টিকাদান কর্মসুচী সর্ম্পকে আলোচনা:-**<br>ক) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন ডিসেম্বর/২০২৫ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরণঃ-বিসিজি-২৯৪টি, পেন্টা-১, ৩০৮টি, পেন্টা-২, ২৪৬টি, পেন্টা-৩, ১৭৯টি, পোলিও-১, ৩০৮টি, পোলিও-২, ২৪৬টি, পোলিও-৩, ১৭৯টি, পিসিভি-১, ৩০৮টি, পিসিভি-২, ২৪৬টি, পিসিভি-৩, ১৭৯টি, এম আর-১, ১৩২টি, এম আর-২, ১৪১টি, আইপিভি-১, ৩০৮টি, আইপিভি-২, ১৭৯টি, টিডি-১, ৭৬টি, টিডি-২, ১১৪টি, টিডি-৩, ১১৫টি, টিডি-৪, ৯৫টি, টিডি-৫, ১০৭টি প্রদান করেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার জন্য টিকাদান সুপাইভাইজার জনাব মোঃ আলী হোসেনকে নির্দেশনা দেন। | টিকাদান কার্যক্রম আরো গতিশীল করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |
| | **খ) ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা:**<br>সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন পরিবেশ রক্ষার্থে যে সকল আবাসিক হোটেল/বসত বাড়ীর মালিকগণ তাদের টয়লেটের সংযোগ সরাসরি ড্রেনের সাথে স্থাপন করেছেন তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহনের জন্য সেনেটারী ইন্সপেক্টর/কঞ্জারভেন্সী পরিদর্শককে নির্দেশনা দেওয়ার জন্য প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক উক্ত কাজ বাস্তাবায়নের জন্য সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার সেনেটারী ইন্সপেক্টর/কঞ্জারভেন্সী পরিদর্শককে নির্দেশ দেন।<br><br>আসন্ন জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ উপলক্ষে পৌর এলাকায় মধ্যে অবস্থিত সকল ভোট সেন্টার এর আশে-পাশে পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে কঞ্জারভেন্সী পরিদর্শককে যথাযথ ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদান করা হয়। | যে সকল পৌর নিবাসী টয়লেটের সংযোগ সরাসরি ড্রেনের সাথে স্থাপন করেছেন তাদের বিরুদ্ধে আইনী ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>আসন্ন জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ উপলক্ষে পৌর এলাকায় মধ্যে অবস্থিত সকল ভোট সেন্টার এর আশে-পাশে পরিস্কার পরিচ্ছন্ন রাখার জন্য সভায় সর্বসম্মতিক্রমে কঞ্জারভেন্সী পরিদর্শককে যথাযথ ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদান করা হয়। | প্রকৌশল বিভাগ/কঞ্জারভেন্সী শাখা |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৯ | **পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা:**<br><br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান দায়িত্ব প্রাপ্ত (পানি) শাখা নিম্ন আকারে নভেম্বর/২৫ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১৮টা, পুনঃ সংযোগ ০০টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০১টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-০১টা (খেলাপি গ্রাহক), ২০২৫-২০২৬ অর্থ বছরে জুন/২৬ পর্যন্ত মোট দাবী = ২,৯৯,৫৯,৬০০/-টাকা। ডিসেম্বর'২০২৫ইং পর্যন্ত মোট আদায় হয়েছে=১,৩৩,৯৩,৮৬২/-টাকা, বকেয়া দাবী=৫০,৫২,৩১৭/-টাকা,ডিসেম্বর'২০২৫ মাসে বকেয়া সহ আদায় = ২২,২৭,০৭২/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৪৮৫৬টা ভাঃ, মোট পানির গ্রাহক সংখ্যা ৭৯৯০ (কর্তন ১২১৩) মোট মটর গ্রাহক সংখ্যা ৯৫২ টা। পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বকেয়া পানির বিল আদায়ের জন্য সংশ্লিষ্ট শাখাকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেন। তিনি আরো বলেন পানির গ্রাহকদের মধ্যে যারা দীর্ঘদিন পানির বিল পরিশোধ করছেন না তাদের তালিকা প্রস্তুত পূর্বক বকেয়া ফি আদায়ের পরামর্শ দেন এবং আগামী সভায় তালিকা অনুযায়ী কত আদায় হয়েছে তা সভায় উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা দেন। | পানি শাখার কার্যক্রম গতিশীল করা পানি শাখার আয় বৃদ্ধির জন্য কর্মরত সবাইকে আরো দায়িত্বশীল হওয়া জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহাকারী প্রকৌশলী |
| | **বিবিধ-(১) পৌর ঈদগার ১টি মরা আমগাছ বিক্রয় করা সংক্রান্ত আলোচনা:**<br><br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জনাব মো ঃ আনিছুজ্জামান বলেন পৌর ঈদগা মাঠে ১টি আমগাছ মরে ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। বর্ণিত মাঠে বিকালে অনেক ছোট শিশু খেলাধুলা করে এবং বয়োঃবৃদ্ধ, মহিলাসহ অনেকেই শিশুদেরেকে নিয়ে হাটা হাটি করেন। কিন্তু গাছটি মৃত ও ঝুকিপূর্ণ হওয়ায় যে কোন সময় দুর্ঘটনা ঘটতে পারে। বিধায় সামাজিক বন বিভাগ, চুয়াডাঙ্গার মাধ্যমে বর্ণিত মরা ও ঝুকিপূর্ণ গাছটির প্রাক্কলন প্রস্তুত পূর্বক বিধি অনুযায়ী কর্তন করে প্রদত্ত/আদেয় অর্থ পৌরসভার রাজস্ব তহবিলে জমা প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পৌর ঈদগা মাঠে মরা ও ঝুঁকিপূর্ণ আমগাছটি কর্তন করে সামাজিক বনবিভাগ চুয়াডাঙ্গা কর্তৃক কর্তনকৃত গাছটির প্রাক্কলন প্রস্তুত পূর্বক বিধি অনুযায়ী প্রদত্ত/আদেয় অর্থ পৌরসভার রাজস্ব তহবিলে জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন/প্রকৌশল বিভাগ |
| | <u>বিবিধ</u>-(২) চুয়াডাঙ্গা পৌরসভার অধীনে বাস্তবায়িত কবরী রোড ও ড্রেন নির্মাণের সময় (২০২৩-২৪) অর্থবছরে ১টি মেহগনি গাছ ঝড় বৃষ্টিতে পড়ে যায়। পরবর্তিতে গাছের লগগুলি ছাগলফার্মের নিকটবর্তী Water Treatment Plant এর মধ্যে রাখা হয়। গাছের লগগুলির ব্যাপারে কোনো সিদ্ধান্ত না হওয়ায় লগগুলি নষ্ট হয়ে যাচ্ছে। সামাজিক বন বিভাগের মাধ্যমে লগগুলির মূল্য নির্ধারণ পূর্বক বিধি অনুযায়ী পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সামাজিক বন বিভাগের মাধ্যমে লগগুলির মূল্য নির্ধারণ পূর্বক বিধি অনুযায়ী পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | <u>বিবিধ</u>-(৩) হাট বাজার ইজারা সংক্রান্ত বিষয়ে আলোচনা:<br><br>হাট বাজার ইজারা সংক্রান্ত বিষয়ে আলোচনা কালে অত্র পৌরসভার প্রধান সহকারী জনাব মোঃ সালেহ আহমেদ বলেন বাংলা ১৪৩২ সন সমাপ্তির পথে। সুতরাং বাংলা ১৪৩৩ সনের পৌরসভার হাট বাজার ইজারা দেওয়ার জন্য হাট বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা,২০২৫ অনুযায়ী বিজ্ঞপ্তি দেওয়া প্রয়োজন। এবিষয়ে আলোচনাকালে সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার হাট বাজার(স্থাপন ও ব্যবস্থাপনা)বিধিমালা,২০২৫ অনুযায়ী বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য পৌরসভার প্রধান সহকারী জনাব মোঃ সালেহ আহম্মেদকে নির্দেশ দেন। পৌরসভার রাজস্ব আদায়ের স্বার্থে বাংলা ১৪৩৩ সনে হাট বাজার ইজারা দেওয়ার বিষয়ে উপস্থিত সকল সদস্য একমত পোষন করেন। | হাট বাজার (স্থাপন ও ব্যবস্থাপনা) বিধিমালা, ২০২৫ অনুযায়ী নথি প্রস্তুত পূর্বক বিজ্ঞপ্তি দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | <u>বিবিধ</u>-(৪) প্রাথমিক স্বাস্থ্য সেবার আওতায় গর্ভবতী মা ও নবজাতক শিশুদের খাবার ক্রয় কমিটি সংশোধন প্রসঙ্গে।<br>প্রাথমিক স্বাস্থ্য সেবার আওতায় গর্ভবতী মা ও নবজাতক শিশুদের মাঝে পুষ্টি সমৃদ্ধ খাবার ক্রয় কমিটি সংশোধন বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় উক্ত কমিটিতে অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এসএম রেজাউল করিমকে আহবায়ক করা ছিল। তিনি অন্যত্র বদলী হয়ে যাওয়ায় বর্তমানে পৌর নির্বাহী কর্মকর্তা হিসেবে জনাব কাজী শরিফুল ইসলাম গত ইং ২১/১২/২০২৫ তারিখ যোগদান করার কারনে পূর্বের কমিটি হতে জনাব এস এম রেজাউল করিম এর নাম বাদ দিয়ে বর্তমানে কর্মরত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কাজী শরিফুল ইসলামের নাম সংযুক্ত করে কমিটি গঠন করার প্রস্তাবনা করা হয়। | প্রাথমিক স্বাস্থ্য সেবার আওতায় গর্ভবতী মা ও নবজাতক শিশুদের খাবার ক্রয় কমিটি আহবায়ক হিসেবে বর্তমানে কর্মরত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব কাজী শরিফুল ইসলামকে অর্ন্তভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্য ও মঙ্গল কামনা করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

২০/০২/২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৬/ ১১৬(১৪)

তারিখ: ১০/০২/২০২৬ খ্রি.

➢ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
৪। প্রকল্প পরিচালক IUGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চুয়াডাঙ্গা পৌরসভা।
৬। বিভাগীয়/শাখা প্রধান, চুয়াডাঙ্গা পৌরসভা।
৭-১৪। জনাব........................................................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।

১০/০২/২৬

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা